দৈনিক খবর

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

34

রেল ও সড়কপথে ব্যারিকেড ঃ ভাঙচুর

# স্কুল ছাত্রদের বিক্ষোভ অব্যাহত সিলেটে হরতাল পালিত

০ স্টাফ রিপোর্টার ০ স্কুল ছাত্ররা গতকাল মঙ্গলবারও দেশের বিভিন্ন স্থানে ও রাজধানীর বিভিন্ন এলাকায় বিক্ষোভ প্রদর্শন করেছে। সিলেট শহরে গতকাল স্কুল ছাত্রদের অনির্ধারিত হরতাল পালিত হয়। রাজধানীর ওয়ারী, মিরপুর এবং মগবাজার এলাকায় বিক্ষোভকারীদের হাতে ১০/১২টি গাড়ীর ক্ষতিসাধন হয়। পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে। বিভিন্ন স্থানে সড়ক ও রেলপথে প্রতিবন্ধকতা সৃষ্টিরও খবর পাওয়া গেছে। সূত্র জানায়, স্কুল ছুটির পর গতকাল দুপুরের দিকে রাজধানীর বিভিন্ন এলাকায় ছাত্ররা বিক্ষোভ প্রদর্শন ও গাড়ী ভাঙচুর করেছে। পুলিশ ওয়ারী থেকে ৩ জন, মগবাজার থেকে ১ জন এবং মিরপুর থেকে ২ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

আমাদের সিলেট ব্যুরো অফিস জানায়ঃ এসএসসি পরীক্ষার পুরানো পদ্ধতি বহাল রাখার দাবীতে শিক্ষামন্ত্রীর পদত্যাগ ও সিলেটে গ্রেফতারকৃত ১০ জন স্কুল ছাত্রের মুক্তির দাবীতে গতকাল সিলেট শহরে অঘোষিত হরতাল পালিত হয়। আকস্মিক এ হরতালে যানবাহন ভাঙচুর হয়েছে। ছাত্রদের জঙ্গী মিছিলের সম্মুখে পড়ে অনেককে নাজেহাল হতে হয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা শহরের বিভিন্ন স্থানে কয়েক দফায় গাড়ী ভাঙচুর করেছে। ছাত্ররা সোমবার রাতের কোন এক সময় এ হরতাল আহবান করে যা স্থানীয় কোন পত্র-পত্রিকায় প্রকাশ হয়নি। এতে সকাল থেকে হরতাল নিয়ে জনমনে সংশয় দেখা দেয়। বিভিন্ন স্থানে পুলিশের সাথে হরতাল পালনকারীদের বেশ কয়েক দফা ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। দুপুর ২টা পর্যন্ত এ অঘোষিত হরতালে শহরের জনজীবন স্তব্ধ হয়ে পড়ে।

এদিকে সিলেট-আখাউড়া রেল সেকশনে চলাচলকারী সব কটি যাত্রীবাহী ট্রেন বিক্ষুব্ধ ছাত্ররা স্থানে স্থানে আটকিয়ে রাখে। বরমচাল রেল স্টেশনে সকাল থেকে সব কটি যাত্রীবাহী ট্রেন ছাত্ররা প্রায় আধা ঘন্টা করে আটকিয়ে রাখে। এদিকে সিলেট শহরে বিক্ষোভকারীদের হামলায় আম্বরখানা জনতা ব্যাংক কার্যালয় ভাঙচুর হয়েছে। এছাড়াও দক্ষিণ সুরমা, লামা বাজার, শিবগঞ্জ, জিন্দাবাজার, মজুমদারীসহ বিভিন্ন স্থানে রাস্তার উপর টায়ার পুড়িয়ে ব্যারিকেড দেয়া হয়। ছাত্রদের জঙ্গী ভূমিকায় রাস্তাঘাটে লোকজন চলাচলও বন্ধ হয়ে পড়ে। দুপুর ২টার পর থেকে ধীরে ধীরে জনজীবন স্বাভাবিক হয়ে আসে। ৭-এর পাতায় দেখুন

# স্কুল ছাত্রদের বিক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

নওগাঁ থেকে আমাদের জেলা প্রতিনিধি জানানঃ মাধ্যমিক পরীক্ষার পরীক্ষা পদ্ধতি অপরিবর্তিত রাখার দাবীতে জেলা শহরে স্কুল ছাত্ররা বিক্ষোভ মিছিলের আয়োজন করে। পরে তারা জেলা প্রশাসক ও শিক্ষা কর্মকর্তার কাছে স্মারকলিপি প্রদান করে। এদিকে জেলার মহাদেবপুর থানায়ও ছাত্ররা বিক্ষোভ মিছিল করে। তারা মহাদেবপুরের রাস্তায় ব্যারিকেড দেয়। ফলে ৩ ঘন্টা সড়ক পথে সকল প্রকার যানবাহন চলাচল বিঘ্নিত হয়। রামগতি (লক্ষীপুর) থেকে আমাদের সংবাদদাতা জানানঃ এসএসসি পরীক্ষার পদ্ধতি বহাল ও শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবীতে গতকাল ২রা নভেম্বর লরেঞ্চ উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা এক বিরাট বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি খাসেরহাট বাজারের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে যাত্রী ছাউনীতে এসে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে বক্তব্য রাখে বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্র কফিল উদ্দিন মাহমুদ, রিদোয়ান হোসেন, মাসুদ রানা। সমাবেশে পরীক্ষার পদ্ধতি বহাল রাখার দাবী করে বক্তাগণ বলেন, বর্তমান সরকার স্বৈরাচারী সরকারের ন্যায় ছাত্র সমাজের উপর নির্যাতন-অত্যাচার চালাচ্ছে। বক্তাগণ শিক্ষামন্ত্রীর পদত্যাগও দাবী করে।